**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**9 November 2025** **7:45 PM IST**

==========================================================================

১) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার রাজ্যের পাঁচ হাজার ৫৫০ জন টেট উত্তীর্ন প্রার্থীকে নিযুক্তিপত্র প্রদান ।

২) ৯৩ তম বায়ু সেনা দিবস উপলক্ষে আজ গৌহাটীর লাচিত ঘাটে যুদ্ধ বিমানের আকর্ষনীয় উড়ান কৌশল প্রদর্শন ।

৩) জাতীয় খাদ্য সুরক্ষা আইনের অধীন পরিবারকে সরকারী ভতুকিযুক্ত সামগ্রী সুলভ মূল্যে সরবরাহ করার উদ্দেশ্যে আগামীকাল বিশেষ প্রকল্পের উদ্ভোধন ।

৪) সন্ধানহীন এন আই টির শিক্ষার্থীর মধ্যে আজ আরো দুজনের মৃত দেহ উদ্ধার ।

৪) সারা আসাম টেনিস সংস্থার উদ্যোগে আগামীকাল থেকে গৌহাটীতে দুটি করে আর্ন্তজাতিক টেনিস প্রতিযোগীতা ।

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বলেছেন যে রাজ্য সরকার স্বচ্ছতার ভিত্তিতে নিযুক্তি প্রক্রিয়া গ্রহণ করার ফলে বর্তমানে যুবক যুবতীদের মধ্যে নতুন প্রেরণার সৃষ্টি হয়েছে ।মুখ্যমন্ত্রী ড: শর্মা আজ গৌহাটীর খানাপারার আসাম পশু চিকিৎসা বিজ্ঞান মহাবিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত এক অনুষ্ঠানে প্রাথমিক শিক্ষক পদের জন্য বাছাই করা রাজ্যের পাচ হাজার ৫৫০ জন টেট উত্তীর্ন প্রার্থীকে নিযুক্তিপত্র প্রদান করে ভাষন প্রসংগে একথা বলেন । আজ নিম্ন প্রাথমিক বিদ্যালয়ের ৩ হাজার ৮০০ জন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের ১ হাজার ৭৫০ জন প্রার্থীকে নিযুক্তিপত্র বিতরণ করা হয় । রাজ্য সরকার স্বচ্ছতা ও মেধাসম্পন্ন লোকের নিযুক্তির ক্ষেত্রে গুরুত্ব আরোপ করার ফলে যুবক যুবতীরা পড়াশুনা করলে সরকারী চাকুরী পাওয়ার ক্ষেত্রে আশার সঞ্চার হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

**---বাইট--**

পরবর্তী বছরগুলিতে দেড় লক্ষ থেকে প্রায় ২ লক্ষ নিযুক্তি দেওয়ার প্রয়াস করা হবে বলে তিনি বলেন । রাজ্যে শিক্ষার পরিবেশ গড়ে তোলার জন্য সরকারী বিদ্যালয়গুলিকে উন্নত বিদ্যালয়ে রুপান্তর করার প্রয়াস করা হয়েছে । বিশেষকরে চা বাগান অঞ্চলে উচ্চ মাধ্যমিক বিদ্যালয় স্থাপন করা হয়েছে ।রাজ্যে উচ্চ শিক্ষার ক্ষেত্রে স্থানে স্থানে বিশ্ববিদ্যালয় স্থাপন করা হয়েছে ও আরো ১৬ টি নতুন বিশ্ববিদ্যালয় স্থাপনের জন্য রাজ্য সরকার বিশেষ ভূমিকা গ্রহণ করেছে বলে তিনি উল্লেখ করেন ।

উল্লেখ্য ১৩ নভেম্বর স্নাতক ও স্নতোকোত্তর শিক্ষক পদের জন্য বাছাই করা সাত হাজার ৮৫০ জন প্রার্থীকে  নিযুক্তি পত্র প্রদান করা হবে ।

---

৯৩ তম বায়ু সেনা দিবস উপলক্ষে আজ গৌহাটীর লাচিত ঘাটে অনুষ্ঠিত কেন্দ্রীয় অনুষ্ঠানের অংশ হিসেবে এয়ার শ্ব অর্থাৎ যুদ্ধ বিমানের উড়ান কৌশল প্রদর্শন করা হয় । কেন্দ্রীয়ভাবে আয়োজিত এই এয়ার শ্বতে  রাফেল , মিগ , সুখোয় ইত্যাদি ৭৫ টি বিমান  ও হেলিকপ্টার অংশ নেয় । এই প্রদর্শনী উপভোগের জন্য বিদ্যালয় ও মহাবিদ্যালয় সহ বৃদ্ধাশ্রমের আবাসিকদের আমন্ত্রন জানানো হয়েছে । অবশ্য প্রশাসন এই ক্ষেত্রে কিছু নীতি নির্দেশনা জারি করেছে । মহানগরের অশ্বক্লান্ত  মন্দির প্রাংগনে অতিথিদের জন্য এয়ার শ্বয়ের ব্যবস্থা করা হয়েছে । বায়ু সেনা বাহিনীর এই অনুষ্ঠানে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং উপস্থিত থাকার কথা থাকলে ও বিশেষ কারণে তার সফর বাতিল করা হয় ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আগামীকাল জাতীয় খাদ্য সুরক্ষা আইন ২০১৩'র অধীনের পরিবারকে ভর্তুকীযুক্ত মুসুরডাল , চিনী এবং লবণ সরবরাহ প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন তথা অন্ন সেবা দিনের সূচনা করবেন । রাজ্য সরকারের খাদ্য , গণবন্টন ও গ্রাহক পরিক্রমা বিভাগের উদ্যোগে রাজ্যের বিভিন্ন জেলায় আগামীকাল থেকে জাতীয় খাদ্য সুরক্ষা আইনের অধীনের পরিবার সমুহকে ভর্তুকীযুক্ত মুসুর ডাল

, চিনী এবং লবন সুলভ  মূল্যে সরবরাহ করা হবে ।প্রথম পর্যায়ে প্রতি কিলোগ্রাম মুসুরডাল ৬৯ টাকা , লবন প্রতি কিলোগ্রাম ১০ টাকা এবং চিনী প্রতি কিলোগ্রাম ৩৮ টাকা মূল্যে ক্রয় করা যাবে ।রাজ্যের প্রায় ৭০ লক্ষ লোক এই প্রকল্পের দ্বারা উপকৃত হবে ।উল্লেখ্য জনসাধারণের খাদ্য সুরক্ষা সুনিশ্চিত করতে কেন্দ্রীয় সরকার ২০২৩ সালের জানুয়ারী মাস থেকে খাদ্য সুরক্ষা আইনের অধীনে সব হিতাধিকারির জন্য প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনার অধীনে সমগ্র দেশে বিনামূল্যে চাল সরবরাহের ব্যবস্থা করে আসছে ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল অন্ন সেবার দিন আনুষ্ঠানিকভাবে ভর্তুকি যুক্ত মসুর ডাল, চিনি ও লবন বিতরনের কার্যসূচীর উদ্বোধন করা হবে ।
কাছাড় জেলা খাদ্য ও গন বন্টন বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে জেলায় আগামীকাল থেকে নায্য মূল্যের দোকানের মাধ্যমে রেহাই মূল্যে মুসুর ডাল, লবন ও চিনি বিতরন করা হবে । খাদ্য সুরক্ষা আধিকারীক জুনালী দেবী জানান যে প্রতি মাসে এক কিলোগ্রাম করে প্যাকেটজাত মুসুরডাল, চিনি ও লবন নায্য মূল্যের দোকান মারফৎ দেওয়া হবে । উল্লেখ্য কাছাড় জেলার এক হাজার ৭শ ৫৬টি নায্য মূল্যের দোকানে এই কার্য্যসূচীর উদ্বোধন করা হবে ।

---

শ্রীভূমি জেলায়ও আগামীকাল সকাল ১০ টায় রেহাইমূল্যে মুসুর ডাল , চিনি ও লবন বিতরণ কার্যসূচী উদ্বোধন করা হবে । জেলা আয়ুক্ত

প্রদীপ কুমার দ্বিবেদী আজ এক সাংবাদিক সম্মেলনে জানান- ---
**বাইট--**
এই সামগ্রীগুলি ১০ থেকে ১৯শে নভেম্বর পর্য্যন্ত নায্য মূল্যের দোকানে বিতরনের জন্য পাওয়া যাবে বলে জেলা আয়ুক্ত শ্রীদ্বিবেদী জানিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলায়ও আগামীকাল সকাল ১০ টা থেকে রেহাই মূল্যে মুসুর ডাল ,চিনি ও লবন বিতরণ করা হবে । এ উপলক্ষে জেলার সব ন্যায্যমূল্যের দোকানে আগামীকাল উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । ইতিমধ্যে জেলার ৭৩৫ টি ন্যায্য মূল্যের দোকানে সামগ্রী বিতরণের সব প্রস্তুতি সম্পূর্ন করা হয়েছে । উল্লেখ্য চলতি মাসের সামগ্রীগুলো ২০ নভেম্বর পর্য্যন্ত দেওয়া হবে । আগামীকাল গুয়াহাটী থেকে মূখ্যমন্ত্রীর উদ্বোধনী অনুষ্ঠান প্রতিটি নায্য মূল্যের দোকানে সরাসরি সম্প্রচার করে দেখানো হবে । খাদ্য সুরক্ষার কার্ড থাকা সুবিধাভোগীরাই শুধুমাত্র এই সামাগ্রীগুলি পাবেন ।

---

সংসদের শীতকালীন অধিবেশন আগামী পয়লা ডিসেম্বর থেকে শুরু হবে ।সংসদীয় পরিক্রমা দপ্তরের মন্ত্রী কীরেণ রিজিজু গতকাল সামাজিক মাধ্যমে একথা জানান । তিনি বলেন যে রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু ১৯ শে ডিসেম্বর পর্যন্ত চলা এই অধিবেশনের প্রস্তাবে সম্মতি প্রকাশ করেছেন ।

---

ডিমা হাসাও জেলার হারাঙ্গাজাওয়ের বলসৌল জলপ্রপাতে তলিয়ে যাওয়া শিলচর এন আই টির দুজন শিক্ষার্থীর মরদেহ আজ উদ্ধার করা হয়েছে । তাদের নাম হচ্ছে সৌহার্দ্য রাই এবং রাধিকা সিং ।মরদেহ দুটি মরণোত্তর পরীক্ষার জন্য হাফলং অসামরিক চিকিৎসালয়ে প্রেরণ করা হয়েছে বলে জানা গেছে । জেলা দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী শিলচর এন আই টি’র সাতজন শিক্ষার্থী গতকাল হারাঙ্গাজাও থেকে তিন কিলোমিটার দূরের বলসৌল জলপ্রপাত দেখতে যায় , এর মধ্যে তিনজন সন্ধানহীন হয়ে পড়ে । পরে এনডি আর এফ উদ্ধার অভিযান চালিয়ে সর্বকৃতিকা সিং নামের একজন ছাত্রীর মরদেহ গতকাল উদ্ধার করে । তবে রাতের অন্ধকার এবং প্রতিকুল পরিস্থিতির জন্য উদ্ধার অভিযান বন্ধ রাখা হয় । আজ পুনরায় অভিযান চালিয়ে আরও দুজনের দেহ উদ্ধার করা হয় ।

---

কংগ্রেসের রাজ্য সভাপতি গৌরব গগৈর উদ্যোগে আগামী বুধবার বিরোধী ঐক্যমঞ্চের প্রথম বৈঠক আহ্বান করা হয়েছে । আসাম বিধানসবার জে এন হলে ঐদিন বিকেল চারটায় এক বৈঠক অনুষ্ঠিত হবে । গৌরব গগৈ এই বৈঠকে অসম জাতীয় পরিষদ , রাইজর দল , সি পিআই ও সি পি এম এল সহ ১২ টি বিরোধী দলের নেতৃবর্গকে আমন্ত্রন জানিয়েছেন ।

---

রাজ্যের পূর্ত , মৎস্য, পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশগ্রহন করেন । সভায় শহরের পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান , ঘরে ঘরে বর্জ্য সংগ্রহ , শহর এলাকার নাগরিকদের সুযোগ-সুবিধা সহ উন্নয়নমূলক প্রকল্পের বাস্তবায়ন নিয়ে আলোচনা করা হয়েছে । সভায় জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী , পৌর সভাপতি রবিন্দ্র চন্দ্র দেব ,জেলা বিজেপির সভাপতি সঞ্জিব বণিক প্রমূখ উপস্থিত ছিলেন ।

---

সর্বভারতীয় টেনিস সংস্থা ও আর্ন্তজাতিক টেনিস ফেডারেশনের সহযোগীতায় সারা আসাম টেনিস সংস্থা আগামীকাল থেকে গৌহাটীতে দুটি করে আর্ন্তজাতিক টেনিস প্রতিযোগীতার আয়োজন করেছে । প্রতিযোগীতা দুটিতে ভারত সহ বিশ্বের ১৫ টি দেশের দুশ খেলোয়ার অংশ গ্রহণ করবে । ৩৫ , ৪৫ , ৫৫ , ৬৫ বছরের বেশী বয়সের পুরুষ ও মহিলারা এই প্রতিযোগীতায় অংশ নিতে পারবেন ।

========================================================================

---